যুগান্তর

তারিখ 14 AUG 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

নিয়ম পরিবর্তন হবে কিনা সিদ্ধান্ত আগামী সপ্তাহে

# মেডিকেল ও ডেন্টালে ভর্তি পরীক্ষা ২ অক্টোবর

যুগান্তর রিপোর্ট

মেডিকেল ও ডেন্টাল কলেজে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২ অক্টোবর অনুষ্ঠিত হবে। বৃহস্পতিবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। তবে পরীক্ষার নিয়মে কোনো পরিবর্তন আসবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে আগামী সপ্তাহে।

ইতিপূর্বে মন্ত্রণালয়ের অপর এক সভায় ১৮ সেপ্টেম্বর দেশের সব মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে প্রাথমিকভাবে সিদ্ধান্ত নেয়া হয়েছিল। এ প্রসঙ্গে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান বৃহস্পতিবার যুগান্তরকে বলেন, আগের সভায় স্বাস্থ্যমন্ত্রী উপস্থিত না থাকায় চূড়ান্ত তারিখ ঘোষণা করা সম্ভব হয়নি। আজকের (বৃহস্পতিবার) সভায় মন্ত্রী উপস্থিত থেকে ২ অক্টোবর ভর্তি পরীক্ষার তারিখ চূড়ান্ত করেন। তবে পরীক্ষা গ্রহণের পদ্ধতি, মানবণ্টনসহ অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত হয়নি। আগামী সপ্তাহে আরেকটি সভায় এসব বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।

দেশে বর্তমানে ২৯টি সরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে

অক্টোবর : পৃষ্ঠা ৭ : কলাম ৫

## অক্টোবরে ভর্তি পরীক্ষা

(৩য় পৃষ্ঠার পর)

তিন হাজার ১৬২টি এবং ৬৪টি বেসরকারি মেডিকেল কলেজে পাঁচ হাজার ৩২৫টি আসন রয়েছে। এছাড়া ৯টি সরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজগুলোর ডেন্টাল ইউনিট মিলিয়ে বিডিএস কোর্সে মোট ৫৩২টি ও ২৪টি বেসরকারি ডেন্টাল কলেজে এক হাজার ২৮০টি আসন রয়েছে।

বৃহস্পতিবারের সভায় অন্যান্যের মধ্যে সাবেক স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক ডা. আফম রুহুল হক, স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, প্রধানমন্ত্রীর সাবেক উপদেষ্টা অধ্যাপক ডা. সৈয়দ মোদাচ্ছের আলী, স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলাম, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান প্রমুখ উপস্থিত ছিলেন।